



117

রাকসানবাচনঃ ৫৫ শতাংশ ভোট প্রদান

(সংবাদদাতা)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ঃ ২৫শে মার্চ।— শান্তিপূর্ণ পরিবেশে ও কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আজ রাকস ১২টি হল সংসদ ও সিনেটে তাদের প্রতিনিধি মনো- (শেষ পঃ ৫-এর কঃ পঃ)

রাকসু নির্বাচন

(প্রথম পঃ পর)

নয়নের জন্য ভোট দিয়েছেন। মন্যায় তৃতীয় বিজ্ঞান ভবনে ভোট গণনা শুরু হয়। রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি, ভোট গণনা চলছে।

এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৭ হাজার ৬৯০ জন ভোটারের মধ্যে ৯ হাজার ৭৫৯ জন ভোট দিয়েছেন। প্রদত্ত ভোটের হার ৫৪ দশমিক ৫৯ শতাংশ। এবার নির্বাচনে মাদারবক্ক হলে সবচেয়ে বেশি ভোট পড়েছে। সবচেয়ে কম ভোট পড়েছে সেহরাওয়াদী হলে।

ডাইস চ্যান্সেলর প্রফেসর আমা নুজ্জাহ আহমদ সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করতে সহযোগিতা দেয়ার জন্য সরকার, রাজনৈতিক দল, ছাত্রছাত্রী, শিক্ষক ও কর্মচারীদের অভিনন্দন জানিয়েছেন।

সকাল সাড়ে ৮টা ১২টি হলে একই সঙ্গে রাকস ১২টি হল ও সিনেটের ভোট গণনা শুরু হয় এবং বিকেল ৩টা পর্যন্ত চলে।

গোলযোগের আশংকার অনেক ছাত্রছাত্রী ক্যাম্পাস অ্যাগ করেছে। নির্বাচনে ১২টি হলে ৪২০টি পোলিং বুথ ছিল।

রাজশাহী বিশ্ববিদ্যালয় আগামী কাল সেমিবার ও পরশু মঙ্গলবার বন্ধ ঘোষণা করা হয়েছে। নির্বাচনের জন্য এ দিনখান্ড নেয়া হয়।

ভোট গণনার সর্বশেষ খবরে জানা যায়, ভিপি পদে ৫টি ছাত্র সংগঠনের প্রার্থী রাগীব আহসান মুন্যা ও ছাত্রদল প্রার্থী রিজভী আহমদ-এর মধ্যে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। জিএস পদে প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে ছাত্র সংগঠন পরিষদের দুই গুপের প্রার্থী বাবু ও অলী রায়হানের সঙ্গে। তাপসী রাবেয়া ও মাদার বক্ক হলে ভোট গণনায় ছাত্রদল এগিয়ে রয়েছে। মনুজান ও শেরে বাংলা হলে ছাত্র দলের প্রার্থীদের সঙ্গে ৫টি ছাত্র সংগঠনের প্রার্থীদের প্রতিদ্বন্দ্বিতা চলছে। অন্যান্য হলে ৫টি ছাত্র সংগঠনের প্রার্থীরা এগিয়ে রয়েছেন।